# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র

## **অধ্যায় ঃ** রাষ্ট্রীয় ব্যবসায়

### **মডেল প্রশ্ন-০১**

দেশে উৎপাদন মৌসুমে বেসরকারী কারখানা সমূহ আমদানিকারকগণ মিলে বাজারে কীটনাশক ঔষধের মূল্য অস্থিতিশীল ও অস্বাভাবিক করে বলে। এতে প্রান্তিক কৃষকরা কীটনাশকের ন্যায্যমূল্য প্রাপ্তি থেকে বঞ্চিত হয় এবং পণ্যের উৎপাদন খরচ বৃদ্ধি পায়। এ অবস্থা থেকে পরিক্রমের জন্য সরকার বৃহদাকারে একটি কীটনাশক ঔষধের কারখানা স্থাপন করেছেন। যাতে বাজারে পণ্যমূল্য স্থিতিশীল রাখা যায়।

ক) জাতীয়করণ কী? ১

খ) স্বায়ত্বশাসিত ব্যবসায় রাষ্ট্রের প্রয়োজনে গঠিত হয়-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের কীটনাশক ঔষধ কারখানাটি কোন ধরনের কীটনাশকের ঔষধ -কারখানাটি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা কর। ৩

ঘ) বাজারে কীটনাশকের মূল্য স্থিতিশীল রাখতে উদ্দীপকের কীটনাশক ঔষধের কারখানাটির ভূমিকা যথেষ্ট বলে কী তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

### **১নং প্রঃ উঃ ক**

জাতীয়করণ ঃ- রাষ্ট্রের প্রয়োজনে রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে বা আইনসভার বিশেষ প্রস্তাব মোতাবেক কোন প্রতিষ্ঠান ব্যবসায় বা সম্পদ অধিগ্রহন করাকে জাতীয়করণ বলে।

### **১নং প্রঃ উঃ খ**

রাষ্ট্রের আইন অনুযায়ী গঠিত যে ব্যবসায়ের পরিচালনা নিজস্ব ও সুনির্দিষ্ট আইন কানুন মাধ্যমে পরিচালিত হয়। এই সমস্ত ব্যবসায়কে স্বায়ত্ত্বশাসিত ব্যবসায় বলে আখ্যায়িত করা হয়।

সাধারণত রাষ্ট্রের বৃহত্তর স্বার্থে বা জনগণের কল্যাণের জন্য এই ধরনের সতন্ত্র বৈশিষ্ট্য সম্পন্ন ব্যবসায় প্রতিষ্ঠান গঠিত হয় এই ধরনের প্রতিষ্ঠানের মাধ্যমে জনসাধারনের সুবিধা প্রাপ্তি কথা মাথায় রেখে সামগ্রিক কার্যক্রম পরিচালিত হয়।

তাই বলা যায়, রাষ্ট্রের প্রয়োজনে স্বায়ত্ত্বশাসিত ব্যবসায় গঠিত হয়।

### **১নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে উল্লেখিত কীটনাশক ঔষধ কারখানাটি রাষ্ট্রীয় ব্যবসায় সংগঠন।

এই প্যারায়------ রাষ্ট্রীয় ব্যবসায় কাকে বলে সংজ্ঞা দিবে এবং তার কিছু পরিচিতি মূলক ব্যাখ্যা লিখবে।

এই প্যারায়ঃ------- উদ্দীপকের সাথে মিলিয়ে বর্ণনা গুলো লিখবে। এবং উক্ত কারখানাটি যে রাষ্ট্রীয় ব্যবসায় সংগঠন তা বুঝিয়ে লিখবে।

এই প্যারায়ঃ------- উপসংহার হিসেবে ১টি ব্যাখ্যা লিখবে।

**১নং প্রঃ উঃ ঘ**

হ্যাঁ আমি মনে করি বাজারে কীটনাশক এর মূল্য স্থিতিশীল রাখতে উদ্দীপকের কীটনাশক ঔষধ কারখানাটির ভূমিকা যথেষ্ঠ।

এই প্যারায় ঃ--- পণ্যমূল্য স্থিতিশীল রাখতে এই ধরনের প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয় এবং পরিচালিত হয় তার বর্ণনা লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের দৃশ্যপট বর্ণনা দিয়ে এই প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান যে মূল্য স্থিতিশীল রাখতে পারে তা বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- প্রতিষ্ঠানটি উৎপাদিত কীটনাশক ন্যায্যমূল্যে জনগণ প্রাপ্য হলে অন্যরা বাজারে দাম বৃদ্ধি করতে পারবে না তা বিশ্লেষণ করে লিখবে।

এই প্যারায় ঃ--- এই প্যারায় উপসংহার লিখবে যথেষ্ঠতা পুনরায় ব্যাখ্যা করবে।

## মডেল প্রশ্ন-০২

জনাব লিপু তার পরিবার নিয়ে বান্দরবান বেড়াতে গেলেন। তিনি সেখানের নয়নভিরাম পাহাড়-পর্বত ঝিলবিল, লেক, প্রাকৃতিক ঝর্ণা ও আদিবাসীদের জীবনাচর দেখে মুগ্ধ। তিনি চিন্তা করে দেখলেন, ভ্রমণ পিপাসুদের জন্য যাহায়াত, আবাসিক ব্যবস্থা নিরাপত্তা ব্যবস্থা, গাইড ইত্যাদি নিশ্চিত করতে পারলে এ এলাকায় প্রচুর দেশি বিদেশি লোক বেড়াতে আসবেন। এ লক্ষ্যে স্থাপিত ব্যবসায়ে মাধ্যমে প্রচুর আয় করা যাবে প্রচুর কর্মসংস্থান স্থান হবে।

ক) বিটিটি বি কী? ১

খ) স্বজনপ্রীতি, রাষ্ট্রোয়ত্ব প্রতিষ্ঠানের উন্নয়নে বাধা সৃষ্টি করে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব নিপুর কল্পিত ব্যবসায়টি কোন রাষ্ট্রয়ত্ব প্রতিষ্ঠানের অন্তর্ভূক্ত-ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কী মনে কর জনাব লিপুর কল্পিত ব্যবসায় এর মাধ্যমে দেশে প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সম্ভাবনা রয়েছে-বিশ্লেষণ কর। ৪

**২নং প্রঃ উঃ ক**

বিটিটিবিঃ- বাংলাদেশ টেলিগ্রাম এন্ড টেলিফোন বোর্ড যা বিটিটিবি পোস্ট এন্ড টেলি যোগাযোগ মন্ত্রণালয়ের অধিনস্ত একটি পোস্ট।

**২নং প্রঃ উঃ খ**

যোগ্যতা, দক্ষতা, অভিজ্ঞতাকে প্রাধ্যন না দিয়ে নিজেস্বতা বা আপনজনের সম্পর্ককে সিদ্ধান্ত গ্রহণে বিবেচনা করাকে স্বজনপ্রীতি বলা যায়।

সাধারাণত রাষ্ট্রায়াত্ত্ব ব্যবসায় প্রতিষ্ঠানে স্বজনপ্রীতির মাধ্যমে অযোগ্য ও মেধাহীনদের নিয়োগ দিয়ে সঠিক লক্ষ্য পূরণের অভাব তৈরি হয়। আর এই অকর্মণ্য লোকদের আখড়া বানিয়ে প্রতিষ্ঠানে উন্নতি করা অসম্ভব হয়ে পড়ে।

অর্থাৎ রাষ্ট্রায়ত্ত ব্যবসায় প্রতিষ্ঠানের উন্নতি পথে স্বজনপ্রীতি অন্যতম অন্তরায়।

## ২নং প্রঃ উঃ গ

উদ্দীপকে জনাব লিপুর কল্পিত ব্যবসায়টি রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান । বাংলাদেশ পর্যটন কর্পোরশনের অন্তর্ভুক্ত।

বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ১৯৭২ সালে রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে প্রতিষ্ঠিত যা ১৯৭৩ সাল থেকে কার্যক্রম শুরু করে। এটি বেসকারি বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অধিনে একটি স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান।

এই প্যারায়:----- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ উদ্ধৃত্ত করে তার জন্য বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের অনুমতি, সাহায্য ইত্যাদির প্রয়োজনীয়তা লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার অংশ লিখবে।

## ২নং প্রঃ উঃ ঘ

অবশ্যই আমি মনে করি, জনাব লিপুর কল্পিত ব্যবসায়ের মাধ্যমে দেশে কর্মসংস্থানের ব্যাপক সুযোগ সৃষ্টি হতে পারে।

এই প্যারায় ঃ--- কর্মসংস্থানের সৃষ্টির সম্পর্কে প্রয়োজনীয় বাক্য লিখবে। (২/৩ লাইন)

এই প্যারায় ঃ--- উদ্দীপকের সাথে মিলিয়ে উক্ত ব্যবসায়ের বিবিধ কাজগুলোতে যে কর্মীর প্রয়োজন হবে তা লিখবে।

এই প্যারায় ঃ--- এই ব্যবসায়ের অপারসম্ভাবনা দিক বিশ্লেষণ করে প্রতিটি কাজে কর্মীর প্রয়োজনীয়তা প্রমাণ করবে। (৩/4 লাইন)

এই প্যারায় ঃ--- উপসংহার লিখবে।

# মডেল প্রশ্ন-০৩

বাংলাদেশ সরকার বাঁশখালীর বিশাল পাহাড়ি অঞ্চলে ৪০০ একর জায়গায় নিয়ে একটি চা-বাগান গড়ে তোলে। সরকারি মালিকানায় কোম্পানি মোতাবেক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রীত প্রতিষ্ঠানটি প্রতিবছর প্রচুর পরিমাণ চা উৎপাদন ও বিক্রয় করে। কিন্তু চা বিক্রয় ব্যবস্থায় তাদের প্রতিষ্ঠানের নিজস্ব কোনভাবে খোলা বাজারে বা রপ্তানি করার সুযোগ নাই। সরকার কর্তৃক

নির্দিষ্টভাবে প্রতিষ্ঠিত আরো একটি সংগঠনের মাধ্যমে সব চা-উৎপাদনকারী প্রতিষ্ঠান নিলামদরে চা বিক্রয় করতে পারে।উক্ত প্রতিষ্টান বাংলাদেশের সকল চা উৎপাদনকারী প্রতিষ্ঠানের চা পাতা বিপণন ও বিক্রয় ব্যবস্থা করে থাকেন। ফলে চা এর বাজার সবসময় সরকার নিয়ন্ত্রিত থাকে।

ক) সরকারি বিভাগ কী? ১

খ) বিধিবদ্ধ সংস্থা নিজস্ব আইনদ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বাঁশখালীতে চা বাগান হিসেবে কোন ধরনের রাষ্ট্রীয় ব্যবসায় গড়ে তোলা হয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে যে ধরনের রাষ্ট্রীয় ব্যবসায়ের জন্য চা পাতা বিপণন ও বিক্রয় নিয়ন্ত্রিত, এর ফলে চা এর বাজার কখনো অস্থিতিশীল হয়না-মূল্যায়ন কর। ৪

## ৩নং প্রঃ উঃ ক

সরকারি বিভাগঃ- সরকারের প্রশাসনিক কার্য সহজভাবে সম্প্রাদন ও নিয়ন্ত্রণের জন্য মন্ত্রণালয়ের অধীনে সৃষ্ট বিভাগগুলো সরকারি বিভাগ হিসেবে পরিচিত। যেমন– ডাক বিভাগ, সড়ক বিভাগ ইত্যাদি।

## ৩নং প্রঃ উঃ খ

যে সরকারি প্রতিষ্ঠান রাষ্ট্রপতির অধ্যাদেশ বলে বা আইনপাসের মাধ্যমে গঠিত ও পরিচালিত হয় তাকে বিধিবদ্ধ সংস্থা বলা হয়।

বিশেষ আইন বা অধ্যাদেশ দ্বারা গঠিত ও পরিচালিত হয় বলে এটি স্বায়িত্ত্বশাসন ভোগ করে। যেমন- শিল্পান্নয়ন সংস্থা, কৃষি উন্নয়ন প্রভৃতি। বিশেষ পাস আইনের মাধ্যমে তাদের পরিচালনা ও নিয়ন্ত্রণ হয় বলে এ ধরনের প্রতিষ্ঠান স্বতন্ত্র অস্থিত্ব প্রকাশ করে।

তাই বলা যায় , বিধিবদ্ধ সংস্থা নিজস্ব আইন দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রতি।

।

## ৩নং প্রঃ উঃ গ

উদ্দীপকে বাঁশখালীতে চা বাগান হিসেবে সরকারি কোম্পানি গড়ে তোলা হয়েছে।

এই প্যারায় ঃ--- সরকারি কোম্পানী কাকে বলে তা লিখবে। এবং ১/২টি বৈশিষ্ট্য লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা সহ এটি যে সরকারি কোম্পানী তা বিশদ করে লিখবে। (৩/৪)

এই প্যারায় ঃ--- উপসংহার লিখবে।

## ৩নং প্রঃ উঃ ঘ

উদ্দীপকের চা বিপণন ও বিক্রয় কার্যক্রমে প্রতিষ্ঠিত রাষ্ট্রীয় ব্যবসায়টি বোর্ড সংগঠন অর্থাৎ বাংলাদেশ চা বোর্ড।

এই প্যারায় ঃ--- বোর্ড সংগঠন কাকে বলে এবং দুই একটি বৈশিষ্ট্য লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের সাথে মিলিয়ে উক্ত ব্যবসায়টি যে বোর্ড সংগঠন তা বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- কোন চা পাতা উৎপাদনকারী যেহেতু খোলা বাজারে চা বিক্রয় করতে পারে না তাই বাজার থাকে নিয়ন্ত্রিত এবং ফলসূতিতে অসম প্রতিযোগিতার সম্ভাবনা থাকে। যা চা পাতা বিক্রয় ও বিপণনে মূল্য অস্থিতিশীল হবে। অর্থাৎ নিয়ন্ত্রিত বাজারে চাহিদার ভিত্তিতে নিলাম মূলে মান ভেদে চা পাতা বিক্রয় করা যায়। তাই বলা যায়, বোর্ড সংগঠন তথা বাংলাদেশ চা বোর্ডের মাধ্যমে চাপাতা বিক্রয় ও বিপণন বাজার অস্থিতিশীল হয়না।

## মডেল প্রশ্ন-০৪

শিক্ষক ক্লাসে ছাত্র-ছাত্রীদের রাষ্ট্রীয় ব্যবসায়ের উদাহরণ দিতে গিয়ে বাংলাদেশের সর্ববৃহৎ পাবলিক সেক্টর কর্পোরেশন এর বর্ণনা দেন। তিনি বলেন উক্ত প্রতিষ্ঠানটি ১৯৭৬ সালে ১লা জুলাই বাংলাদেশ ফার্টিলাইজার, কেমিক্যাল এন্ড ফার্মাসিউটিক্যাল কর্পোরেশনের ৪৪টি প্রতিষ্ঠান বাংলাদেশ পেপার এন্ড বোর্ড কর্পোরেশনের ১২টি প্রতিষ্ঠান, বাংলাদেশ ট্যানারিজ কর্পোরেশনের ৩২টি প্রতিষ্ঠানসহন মোট ৮৮টি প্রতিষ্ঠান নিয়ে গঠিত। এই একীভূত বৃহৎ প্রতিষ্ঠানটি একজন চেয়ারম্যান ও ৫ জন পরিচালক নিয়ে পরিচালনা পরিষদের মাধ্যমে কার্যক্রম চালিয়ে যায়। দেশের আর্থসামাজিক চাহিদার বহুকিছু পণ্য উৎপাদনের ও সহনীয় মূল্যে বন্টনে ব্যাপক ভূমিকা রাখে।

ক) বি.আর.টি.সি কী? ১

খ) একমাত্র ডাক বিভাগ দেশের প্রত্যক্ষ অঞ্চলে সংবাদ, অর্থস্থানান্তর ও ডকুমেন্ট প্রেরণে ব্যাপক ভূমিকা রাখে-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে শিক্ষক ক্লাসে ছাত্র-ছাত্রীদের কোন প্রতিষ্ঠানের উদাহরণ দিয়েছে তার ব্যাখ্যা দাও? ৩

ঘ) "স্বায়ত্বশাসিত সংস্থা" হিসেবে উক্ত প্রতিষ্ঠানটি রাষ্ট্রের উন্নতিতে ব্যাপক ভূমিকা রাখে" উক্তিটির সাথে তুমি কী একমত? উত্তরের সপক্ষে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

### ৪নং প্রঃ উঃ ক

বি.আর.টি.সিঃ-- বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা যা দেশের জনগনের জন্য কম খরচে নিরাপদ যাত্রী ও মালামাল পরিবহনে নিয়োজিত।

### ৪নং প্রঃ উঃ খ

ডাক বিভাগ হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে একটি সংস্থা। পোস্ট অফিস আইন ১৮৯৮ মোতাবেক বাংলাদেশ ডাক ভিাগ ১৯৭১ সালে প্রতিষ্ঠা লাভ করে।

দেশের প্রত্যন্ত অঞ্চলে একমাত্র প্রয়োজনীয় অবকাঠামো সম্বলিত তথ্য উপাত্ত ও অর্থ প্রেরণের সক্ষমতা আছে ডাক বিভাগের এই প্রতিষ্ঠানটি রাষ্ট্রীয় ব্যবসায় হিসেবে মুনাফা নয় সেবার মানসিকতায় কাজ করে। ফলে প্রত্যন্ত অঞ্চলের বৃহত্তর জনগোষ্ঠীর সংবাদ, তথ্য ও অর্থস্থানান্তরে ব্যাপক সহযোগিতা দিয়ে থাকে।

তাই বলা যায় একমাত্র ডাক বিভাগই প্রত্যন্ত অঞ্চলে সংবাদ, অর্থস্থানান্তর ও ডকুমেন্ট প্রেরণে ব্যাপক ভূমিকা রাখে।

## **৪নং প্রঃ উঃ গ**

উদ্দীপকে শিক্ষক ক্লাসে ছাত্র-ছাত্রীদের বাংলাদেশ রাসায়নিক শিল্প সংস্থা সংক্ষেপে বি.সি.আই.সি এর উদাহরণ দিয়েছেন।

বাংলাদেশ রাসায়নিক শিল্প সংস্থা বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থা। এই সংস্থাটি ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং ২৭ এর বলে গঠিত ও পরিচালিত হয়।

এই প্যারায় ঃ--- উদ্দীপক থেকে প্রয়োজনীয় বর্ণনা গুলো লিখবে। এবং তাই বর্ণনায় বি.সি.আই.সি কথা বলা হয়েছে বা সুন্দর করে লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তিসূচক বাক্য লিখবে।

## **৪নং প্রঃ উঃ ঘ**

"স্বায়ত্বশাসিত সংস্থা হিসেবে উদ্দীপকের প্রতিষ্ঠানটি রাষ্ট্রের উন্নতিতে ব্যাপক ভূমিকা রাখে " উক্তিটির সব যে আমি সম্পূর্ণ একমত।

এই প্যারায় ঃ--- স্বায়ত্বশাসিত সংস্থার সংজ্ঞা দিবে। এবং পরিচিতি লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ লিখবে, এবং সংস্থাটি যে পরিচালনা বর্ণনাগুলো উদ্ধৃত করবে।

এই প্যারায় ঃ--- সংস্থাটি কার্যক্রমে দেশের আর্থসামাজিক পণ্য উৎপাদনের মাধ্যমে মানুষের প্রয়োজন মিটায়। এ রকম আরো কয়েকটি বাক্যের মাধ্যমে বিশ্লেষণ করবে।

এই প্যারায় ঃ--- পরিশেষের বাক্য দিয়ে শেষ করবে।

# **মডেল প্রশ্ন-০৫**

জনাব রকিব ঢাকায় যাওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ রেলওয়ের নুতন আন্তঃনগর বিরতীহীন ট্রেন সোনার বাংলা এক্সপ্রেস উঠলেন। তিনি লক্ষ্য করলেন, এই ট্রেনে আগে মত অব্যবস্থাপনা নেই। টিকেট চেকিং, খাবার পরিবেশন সহ অন্যান্য পরিসেবা খুব চমৎকার ভাবে সম্পাদিত হচ্ছে। তাঁর উৎসুক মন জানা জন্য আকুল হয়েছে কিভাবে এই ব্যবস্থার এত পরিবর্তন তথা উন্নতি হয়েছে। ফলে কলেজ জীবনের বন্ধু রেলওয়ে অফিসার সফি সাহেবকে ফোন করে তিনি বিষয়টি জানতে চান। জনাব সফি

বলেন, বর্তমান রেলওয়ের অনেক পরিসেবায় নুতন ব্যবসায়িক ধারনা মাধ্যমে, পরিচালিত। তাই যাত্রী সেবা এ সফলতা সৃষ্টি হয়েছে। তিনি আরও বলেন অনেক রাষ্ট্রীয় ব্যবসায়ে এই ধরনের ব্যবসায়িক কার্যক্রম হলে দেশে উন্নয়ন ত্বরান্বিত হতো।

ক) ওয়াসা কী? ১

খ) বাংলাদেশ রেলওয়ে রেল পথ পরিবহন ব্যবস্থায় একমাত্র প্রতিষ্ঠান-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে বাংলাদেশ রেলওয়ের সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনে কোন ধরনের ব্যবসায়িক নুতন ধারণার প্রয়োগ হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে তুমি কি মনে কর রাষ্ট্রীয় ব্যবসায়ে নুতন ব্যবসায়িক ধারণাটি প্রয়োগে দেশের উন্নয়ন ত্বরান্বিত হবে? উত্তরের সপক্ষে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

## ৫নং প্রঃ উঃ ক

ওয়াসা ঃ- যে প্রতিষ্ঠান শহরাঞ্চলের জনগনের প্রয়োজনীয় বিশুদ্ধ পানি সরবরাহ এবং সুয়্যারেজ সিস্টেম আধুনকায়নের মাধ্যমে সুস্থ পরিবেশ সংরক্ষণ করে তাই ওয়াসা।

## ৫নং প্রঃ উঃ খ

যে পরিবহন রেলপথের মাধ্যমে দেশের অভ্যন্তর এবং বাহিরে যাত্রী ও মালামাল পরিবহনে জড়িত তা বাংলাদেশ রেলওয়ে নামে পরিচালিত।

বাংলাদেশের রেল পথ থেকে শুরু করে রেলের জন্য সকল প্রয়োজনীয় উপকরণ বাংলাদেশ রেলওয়ের সম্পত্তি । এটি রাষ্ট্রীয় মালিকানায় এক ও অদ্বিতীয় প্রতিষ্ঠান।

তাই বলা যায় রেলপথ ব্যবস্থায় বাংলাদেশ রেলওয়ে একমাত্র প্রতিষ্টান।

## ৫নং প্রঃ উঃ গ

বাংলাদেশ রেলওয়ের সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনে আধুনিক ব্যবসায়িক ধারণা পি.পি.পি অর্থাৎ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক ব্যবসায়ের প্রয়োগ হয়েছে।

দেশের শিল্পায়ন বা জনসেবার ওপর গুরুত্ব আরোপ করে অনেক দেশের সরকার প্রাইভেট সেক্টরকে উৎসাহিত করতে এ ধরনের ব্যবসায় গঠন করে। সরকারি বেসরকারি অংশীদারিত্ব প্রতিষ্ঠিত ব্যবসায়কে প্রায়ই PPP বা $P^3$ বলা হয়। যা আশির দশকের শেষদিকে বিভিন্ন দেশে সরকারের সংঙ্গে বেসরকারি খাতের অংশীদারিত্ব অবকাঠামোর নির্মাণ শুরু হয়।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বর্ণনা থেকে প্রয়োজনীয় অংশ নিয়ে যে PPP এর কথা বলা হয়েছে তা বিশদভাবে লিখবে।

এই প্যারায় ঃ--- উপসংহার হিসেবে একটি সমাপ্তিসূচক বাক্য লিখবে।

**৫নং প্রঃ উঃ ঘ**

হ্যাঁ আমি মনে করি রাষ্ট্রীয় ব্যবসায়ে নুতন ব্যাবাসয়িক ধারণা PPP প্রয়োগে ব্যাপক সফলতা পাওয়া যাবে। যা দেশের উন্নয়নকে তরান্বিত করবে।

এই প্যারায় ঃ--- রাষ্ট্রীয় ব্যবসায় কী তা লিখবে এবং এর ২/১টি বৈশিষ্ট্য লিখবে।

এই প্যারায় ঃ--- উদ্দীপকের বাংলাদেশ রেলওয়ের মত রাষ্ট্রীয় ব্যবসায়ে PPP প্রয়োগে যে পরিসেবা গত সফলতা পাওয়া গেছে তা বর্ণনা করবে।

এই প্যারায় ঃ--- রেলওয়ের মত অন্যান্য রাষ্ট্রীয় ব্যবসায়ে PPP এর প্রয়োগে সফলতা আসবে তা বিশ্লেষণ পূর্বক আলোচনা লিখবে।

এই প্যারায় ঃ--- পরিশেষের বাক্য দিয়ে শেষ করবে।